



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩

তারিখ: ১৬ ডিসেম্বর, ২০২১

## প্রেসবিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে আজ ১৬ ডিসেম্বর, ২০২১ তারিখ মহান বিজয় দিবস উদযাপিত হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল জাতীয় সংগীত পরিবেশনের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, পুষ্পস্তবক অর্পণ, বিজয় শোভাযাত্রা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

সকাল ৭.৩০ মিনিটে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন। এসময় বিএনসিসি জাতীয় পতাকাকে সশস্ত্র অভিবাদন জানায়। পতাকা উত্তোলন শেষে তিনি সকাল ৭.৫০ মিনিটে কেন্দ্রীয় শহিদ মিনারে এবং সকাল ৮.৩০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, শহীদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, সিন্ডিকেট সদস্যবৃন্দ, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধানসহ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

ভাইস চ্যান্সেলরের শ্রদ্ধাঞ্জলির পর শিক্ষক সমিতি, ডিন'স ফোরাম, অফিসার্স এসোসিয়েশন, বিভিন্ন হল প্রশাসন, ছাত্র সংগঠন, সাংস্কৃতিক সংগঠনসমূহ পুষ্পস্তবক অর্পণ করে। পরে সকাল ১০.০০টায় বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে নিয়ে বিজয় শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।

শোভাযাত্রা শেষে বঙ্গবন্ধু চত্বরে সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, আজকের বিজয়ের ৫০তম বছর। আজকের এই দিনটি বাঙালি জাতির জন্য অনন্য একটি দিন। এই ৫০ বছরে আমরা অর্জন করেছি অনেক কিছুই। আমাদের আর পিছু ফিরে তাকানোর সময় নেই। এখন সময় শুধু এগিয়ে যাবার।

সকাল ১০.৩০মিনিটে প্রশাসন ভবনের সামনে স্কুলের ছাত্র-ছাত্রীদের অংশ গ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ভাইস চ্যান্সেলর অংকন প্রতিযোগিতা অনুষ্ঠান পরিদর্শন করেন। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার বিতরণ করা হয়। সকাল ১১.৩০মিনিটে হ্যান্ডবল মাঠে বিশ্ববিদ্যালয়ের পরিবারের সদস্যদের অংশ গ্রহণে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

বিকাল ৩.০০টায় মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

রেজিস্ট্রার